



অস্ট্রেলিয়ার পার্লামেন্ট স্পিকারের সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ



প্রধানমন্ত্রীর সঙ্গে অস্ট্রেলিয়ার স্পিকারের সৌজন্য সাক্ষাৎ। ছবি : সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন অস্ট্রেলিয়ার পার্লামেন্টের হাউস অব রিপ্রেজেন্টেটিভসের স্পিকার মিল্টন ডিক এমপি'র নেতৃত্বে একটি প্রতিনিধি দল।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) বিকেল ৩টার দিকে জাতীয় সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব-১ জাহিদুল ইসলাম রনি বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

সাক্ষাৎকালে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যকার বিদ্যমান সম্পর্ক আরও জোরদার করা, দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্র বিস্তৃত করা এবং উভয় দেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

LENS ASIA